মেহেরপুরে বাড়ির গেটের সামনে ককটেলসদৃশ বস্তু, কাফনের কাপড় ও হুমকির চিরকুট উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার শিবপুর গ্রামের মসজিদপাড়ায় এক ব্যক্তির বাড়ির গেটের সামনে থেকে তিনটি ককটেলসদৃশ বস্তু, কাফনের কাপড় ও হুমকিসংবলিত একটি চিরকুট উদ্ধার করেছে পুলিশ।

শুক্রবার (৬ নভেম্বর) ভোরে শিবপুর গ্রামের মৃত ফজলুল হকের ছেলে রুহুল আমিনের বাড়ির সামনে একটি ব্যাগে এসব সন্দেহজনক বস্তু দেখতে পান স্থানীয়রা। পরে খবর পেয়ে রামদাসপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে তিনটি ককটেলসদৃশ বস্তু, কাফনের কাপড় ও একটি হুমকির চিরকুট উদ্ধার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ূন কবির জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। উদ্ধার করা বস্তুগুলো পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে। বিষয়টি তদন্ত করা হচ্ছে। এ ঘটনার সঙ্গে জড়িতদের আইনের আওতায় আনার চেষ্টা চলছে।